গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মনোহরদী, নরসিংদী।

**মা ও শিশু সহায়তা কর্মসূচি'র আওতায় 'উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি'র ২০২৩-২০২৪ অর্থবছরের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত ফেব্রুয়ারি ২০২৪ মাসের সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব হাছিবা খান, উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, মনোহরদী, নরসিংদী।
সভার তারিখ : ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.; সময়: বেলা ১২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>১। উপকারভোগী নির্বাচন সংক্রান্ত: উপজেলা মহিলা বিষযক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী জানান, 'মা ও শিশু সহায়তা কর্মসূচি'র আওতায় ২০২৩-২৪ অর্থবছরের উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে বিদ্যমান নীতিমালা ও শর্তাবলী মোতাবেক মনোহরদী উপজেলাধীন ১২ টি ইউনিয়ন হতে ফেব্রুয়ারি ২০২৪ মাসে ১০০ জন এবং মনোহরদী পৌরসভা হতে ১৩ জন সম্ভাব্য উপকারভোগীর তথ্য মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচন সংক্রান্ত সফটওয়্যারে (dwamcbp.gov.bd) এ অনলাইনে এন্ট্রি করা হয়। তিনি সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত অগ্রাধিকার ও সুপারিশকৃত আবেদনকারীদের তথ্য, প্রাপ্ত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি প্রতিমাসে নির্ধারিত সময়সীমার মধ্যে উপকারভোগী নির্বাচনের কাজ সম্পন্ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও প্রতিনিধি, মেয়র, মনোহরদী পৌরসভাকে অনুরোধ জানান।</td>
<td>বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই পূর্বক মনোহরদী উপজেলাধীন ১২ টি ইউনিয়ন এবং মনোহরদী পৌরসভার জন্য ফেব্রুয়ারি ২০২৪ মাসে নিম্নোক্ত সংখ্যক উপকারভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (পরিশিষ্ট 'খ'):
<table>
<tr><th>ক্র: নং</th><th>ইউনিয়ন/ পৌরসভা</th><th>নির্বাচিত উপকারভোগী</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>লেবুতলা</td><td>৬ জন</td><td></td></tr>
<tr><td>২</td><td>চালাকচর</td><td>৬ জন</td><td></td></tr>
<tr><td>৩</td><td>চন্দনবাড়ী</td><td>৬ জন</td><td></td></tr>
<tr><td>৪</td><td>খিদিরপুর</td><td>৬ জন</td><td></td></tr>
<tr><td>৫</td><td>চরমান্দালিয়া</td><td>৬ জন</td><td></td></tr>
<tr><td>৬</td><td>বড়চাঁপা</td><td>৫ জন</td><td></td></tr>
<tr><td>৭</td><td>কাঁচিকাটা</td><td>৬ জন</td><td></td></tr>
<tr><td>৮</td><td>শুকুন্দী</td><td>৬ জন</td><td></td></tr>
<tr><td>৯</td><td>দৌলতপুর</td><td>৪ জন</td><td></td></tr>
<tr><td>১০</td><td>একদুয়ারিয়া</td><td>৭ জন</td><td></td></tr>
<tr><td>১১</td><td>গোতাশিয়া</td><td>৬ জন</td><td></td></tr>
<tr><td>১২</td><td>কৃষ্ণপুর</td><td>৭ জন</td><td></td></tr>
<tr><td colspan="2">ইউনিয়ন মোট</td><td>৭১ জন</td><td></td></tr>
<tr><td colspan="2">মনোহরদী পৌরসভা</td><td>১০ জন</td><td></td></tr>
<tr><td colspan="2">সর্বমোট=</td><td>৮১ জন</td><td></td></tr>
</table>
</td>
<td>১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী।<br>২। মেয়র, মনোহরদী পৌরসভা, মনোহরদী, নরসিংদী।<br>৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>২। অনলাইন আবেদন সংক্রান্ত: উপজেলা মহিলা বিষযক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী সভায় জানান, বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভা হতে অনলাইন আবেদন, সুপারিশকৃত তালিকা, সভার কার্যবিবরণী ও অন্যান্য কাগজপত্র যথাসময়ে উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়না বিধায় উপজেলা কমিটি কর্তৃক যথাসময়ে উপকারভোগী চূড়ান্ত নির্বাচনে জটিলতার সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় প্রতিমাসের ১-১৫ তারিখের মধ্যে অনলাইন আবেদন ও সুপারিশ সম্পন্ন করে সুপারিশকৃত তালিকার স্বাক্ষরিত কপি, সভার কার্যবিবরণী ও অন্যান্য কাগজপত্র উপজেলা কমিটিতে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও প্রতিনিধি, মেয়র, মনোহরদী পৌরসভাকে অনুরোধ জানান।</td>
<td>প্রতিমাসের ১-১৫ তারিখের মধ্যে অনলাইন আবেদন ও সুপারিশ সম্পন্ন করে সুপারিশকৃত তালিকার স্বাক্ষরিত কপি, সভার কার্যবিবরণী ও অন্যান্য কাগজপত্র উপজেলা কমিটিতে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও প্রতিনিধি, মেয়র, মনোহরদী পৌরসভাকে অনুরোধ জানান।</td>
<td>১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী।<br>২। মেয়র, মনোহরদী পৌরসভা, মনোহরদী, নরসিংদী।<br>৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী, নরসিংদী।<br>৪। তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য সেবা কেন্দ্র, মনোহরদী, নরসিংদী।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০২/২৪
(হাছিবা খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি
মনোহরদী, নরসিংদী।

স্মারক নম্বর: ৩২.০১.৬৮৫২.০১২.১১.০০১.২৩- ৮৪(৬)

তারিখ: ২৫/০২/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরদী, নরসিংদী।
৩। উপপরিচালক, মা ও শিশু সহায়তা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী।
৫। মেয়র, মনোহরদী পৌরসভা, মনোহরদী, নরসিংদী।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, মনোহরদী, নরসিংদী।
৭। চেয়ারম্যান, ...............ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী, নরসিংদী।
৮। উপজেলা .............................অফিসার, মনোহরদী, নরসিংদী।
৯। জনাব .......................................... মনোহরদী, নরসিংদী।
১০। অফিস কপি।

২৫/২/২৪
(রেহানা আক্তার)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মনোহরদী , নরসিংদী।
মোবাইল: ০১৯৫৮-১৮৭৪৬৩
ই-মেইল: uwaomonohardi@gmail.com